



চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং ৩৭ /২০২৪

তারিখ: ২৫ /০৬/২০২৪ খ্রি:

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

জরুরী দৃষ্টি আকর্ষণ

আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তিকরণ প্রসঙ্গে

সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের মাধ্যমে শুক্কায়ন কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত ও জাল-জালিয়াতির মাধ্যমে পণ্য খালাসের বিষয়টি সহজেই চিহ্নিত করার লক্ষ্যে IM-4 এর আওতায় আমদানিকৃত পণ্যের আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের তালিকা ১৯.০৬.২০২৪ খ্রি: তারিখের মধ্যে <https://bdcams.bdcustoms.gov.bd> ওয়েবসাইটের মাধ্যমে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্ত করার জন্য জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক স্মারক নং-০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/১৫৫, তারিখ: ১৫.০৫.২০২৪ খ্রি: এর মাধ্যমে নির্দেশ প্রদান করা হয়। জাতীয় রাজস্ব বোর্ডের উক্ত নির্দেশনা এসোসিয়েশনের প্রচার পত্র নং-৩২/২০২৪, তারিখ: ২৩/০৫/২০২৪ খ্রি. এর মাধ্যমে সম্মানিত সদস্যদেরকে অবহিত করা হয়েছিল।

কিন্তু অনেক আমদানিকারক তাঁদের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের তালিকা বর্ণিত ওয়েবসাইটের মাধ্যমে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্ত না করার কারণে সংশ্লিষ্ট আমদানিকারকের আমদানি পণ্যচালানের বিল অব এন্ট্রি সিএন্ডএফ এজেন্ট কর্তৃক অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে দাখিল করা সম্ভব হচ্ছে না।

এমতাবস্থায়, সম্মানিত সদস্যদেরকে স্ব স্ব আমদানিকারকের মাধ্যমে <https://bdcams.bdcustoms.gov.bd> ওয়েবসাইটে (আমদানিকারকের BIN ও Mobile No. দিয়ে) লগইন করে আমদানিকারকের BIN এর সাথে সিএন্ডএফ এজেন্টের AIN সংযুক্ত করার জন্য অনুরোধ করা হল। এ সংক্রান্ত **User Manual** উক্ত ওয়েবসাইটে দেওয়া আছে। বিষয়টি অত্যন্ত জরুরী।

ধন্যবাদান্তে,

কার্জী মাহমুদ ইমাম (বিলু)

সাধারণ সম্পাদক